



৪২ জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি



ছবি: সংগৃহীত

সিটি করপোরেশনের পর এবার দেশের ৪২টি জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। রোববার (১৫ মার্চ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

নিয়োগপ্রাপ্তদের মধ্যে পঞ্চগড় জেলা পরিষদের প্রশাসক হয়েছেন মোহাম্মদ তোহিদুল ইসলাম। এছাড়া দিনাজপুর এ মোফাজ্জল হোসেন দুলাল, রংপুর এ মোহাম্মদ সাইফুল ইসলাম, কুড়িগ্রাম এ মো. সোহেল হোসনাইন কায়কোবাদ, জয়পুরহাট এ মো. মাসুদ রানা প্রধান, গাইবান্ধা এ অধ্যাপক ডা. সৈয়দ মইনুল হাসান সাদিক এবং বগুড়া এ এ কে এম আহসানুল তৈয়ব জাকির দায়িত্ব পেয়েছেন।

অন্যদিকে চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদে প্রশাসক হয়েছেন মো. হারুনুর রশিদ। পাশাপাশি নওগাঁ এ মো. আবু বক্কর সিদ্দিক এবং রাজশাহী এ মো. এরশাদ আলী নিয়োগ পেয়েছেন। এছাড়া নাটোর এ মো. রহিম নেওয়াজ, মেহেরপুর এ মো. জাভেদ মাসুদ, কুষ্টিয়া এ সোহরাব উদ্দিন, বিনাইদহ এ মো. আবুল মজিদ, যশোর এ দেলোয়ার হোসেন খান খোকন, মাগুরা এ আলী আহমেদ এবং বাগেরহাট এ শেখ মোহাম্মদ জাকির হোসেন দায়িত্ব পেয়েছেন।

এছাড়া খুলনা জেলা পরিষদে এস এম মনিরুল হাসান (বাগ্নী) প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন। একইসঙ্গে পটুয়াখালী এ স্নেহাংশু সরকার, ভোলা এ গোলাম নবী আলমগীর, বরিশাল এ আকন কুদ্দুস রহমান, ঝালকাঠি এ মো. শাহাদাৎ হোসেন, পিরোজপুর এ আলমগীর হোসেন, টাঙ্গাইল এ এস এম ওবায়দুল হক, শেরপুর এ এ বি এম মামুনুর রশিদ, ময়মনসিংহ এ সৈয়দ এমরান সালেহ, নেত্রকোনা এ অ্যাডভোকেট মো. নুরুজ্জামান, কিশোরগঞ্জ এ খালেদ সাইফুল্লাহ সোহেল খান, মুন্সিগঞ্জ এ এ কে এম ইরাদত, নারায়ণগঞ্জ এ মো. মামুন মাহমুদ এবং রাজবাড়ী এ আব্দুস সালাম মিয়া দায়িত্ব পেয়েছেন।

আরও নিয়োগ হয়েছে গোপালগঞ্জ এ শরিফ রফিক উজ্জামান, মাদারীপুর এ খন্দকার মশুকুর রহমান, শরীয়তপুর এ সরদার এ কে এম নাসির উদ্দিন, সিলেট এ আবুল কাহের চৌধুরী, মৌলভীবাজার এ মিজানুর রহমান, সুনামগঞ্জ এ মো. মিজানুর রহমান চৌধুরী, ব্রাহ্মণবাড়িয়া এ সিরাজুল ইসলাম, কুমিল্লা এ মো. মোশতাক মিয়া, নোয়াখালী এ মো. হারুনুর রশিদ আজাদ, লক্ষ্মীপুর এ সাহাব উদ্দিন এবং কক্সবাজার এ এ টি এম নুরুল বশর চৌধুরী।

এর আগে নির্বাচিত সরকার দায়িত্ব নেওয়ার পর ২২ ফেব্রুয়ারি ঢাকার দুই সিটিসহ দেশের ছয়টি সিটি করপোরেশনে প্রশাসক নিয়োগ দেওয়া হয়। সবশেষ শনিবার (১৪ মার্চ) আরও পাঁচটি সিটি করপোরেশনে নতুন প্রশাসক বসানো হয়েছে। এসব নিয়োগের প্রজ্ঞাপনও স্থানীয় সরকার বিভাগ থেকেই জারি করা হয়।